মেহেরপুরের নবাগত ডিসি মো: শামীম হাসান

মেহেরপুরের নবাগত জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট হলেন মো: শামীম হাসান। তিনি জননিরাপত্তা বিভাগের উপসচিব ছিলেন।

রাস্ট্রপতির আদেশক্রমে উপসচিব ভাস্কর দেবনাথ বাপ্পি স্বাক্ষরিত প্রজ্ঞাপনে এই আদেশ প্রদান করা হয়েছে।

এছাড়া শেরপুর, জামালপুর, মুন্সীগঞ্জ, রংপুর, মানিকগঞ্জ, নারায়নগঞ্জ ও চুয়াডাঙ্গার জেলা প্রশাসককে বদলি করা হয়েছে।

মোনাখালীতে ফুটবল উন্মাদনা ,উদ্বোধন আগামী শুক্রবার

মুজিবনগরের মোনাখালীতে ফুটবল টুর্নামেন্ট আয়োজন উপলক্ষে আজ বিকেলে এক আলোচনা সভার আয়োজন করা হয় ।মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ে আব্দুল খালেকের সঞ্চালনায় আলোচনা সভাটি অনুষ্ঠিত হয়।

আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোনাখালী ইউনিয়ন এর ১ নং ওয়ার্ডের সদস্য মোঃ হাবিবুর রহমান। আরো উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা কৃষক লীগের সেক্রেটারি মোহাম্মদ শাহিনুর রহমান মানিক, মোনাখালী ইউনিয়ন যুবলীগের সভাপতি আব্দুল খালেক। প্রবীণ ফুটবলার মোঃ লাভলু ,আহসান উল্লাহ , মনসুর আলী, ফজলু রহমান, মনিরুজ্জামান

মাষ্টার, ফারুক হোসেন চান্দ আলি সহ আরো অনেকে।

এসময় খেলা পরিচালনা সহ যাবতীয় বিষয় নিয়ে আলোচনা করা হয় এবং খেলার উদ্বোধনী তারিখ আগামী শুক্রবার ১৪/০৭/২০২৩ ইং নির্ধারণ করা হয়। এই টুর্নামেন্টে মোট ৩২ টি দল অংশগ্রহণ করবে এবং প্রত্যেক দল নকআউট পর্ব হিসেবে খেলবে বলে নিশ্চিত হয়। এবং প্রথম বিজয়ী দল পুরস্কার হিসেবে পাবে এক লক্ষ টাকা এবং দ্বিতীয় বিজয়ী দল পুরস্কার হিসেবে পাবে ৬০ হাজার টাকা।

কমিটির নিজস্ব কোন টিম থাকবে না এবং প্রতিটি টিমের জন্য শুভেচ্ছা ফিস হিসেবে এক হাজার টাকা মূল্য নির্ধারণ করা হয়েছে।

খেলাটি আয়োজন করছে শহীদ ওলিউল বারী আনসার ক্লাব ও মোনাখালী গ্রামবাসী ।
উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এম পি।

শুধু মাঠে আগত দর্শকরাই নয় বরং পুরো টুর্নামেন্ট টি ‘আম্বার আইটি’ এর সৌজন্যে টুর্নামেন্টের মিডিয়া পার্টনার ‘মেহেরপুর প্রতিদিন’লাইভ সম্প্রচার করবে।

মেহেরপুর বঙ্গবন্ধু পেশাজীবী পরিষদের কমিটি গঠন

বঙ্গবন্ধু পেশাজীবী পরিষদ মেহেরপুর জেলা শাখার কমিটি গঠণ করা হয়েছে।

রেহেনা খাতুনকে সভাপতি ও শিক্ষক হুমায়ন কবিরকে সাধারণ সম্পাদক

করে এ কমিটির অনুমোদন করেন কেন্দ্রীয় কমিটির সভাপতি জহির উদ্দিন মবু। সম্প্রতি তাঁর স্বাক্ষরিত এক পত্রের মাধ্যমে জানা গেছে, বঙ্গবন্ধু পেশাজীবী পরিষদের গঠণতন্ত্রের ১১.৩(১) ধারা মোতাবেক এ কমিটি গঠণ করা হলো।

কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদককে আগামী ৩০ জুলাই এর মধ্যে ৭৫ সদস্য বিশিষ্ট পুর্ণাঙ্গ জেলা কমিটি গঠণ করে অনুমোদন করে নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

মেহেরপুর দারুস সালাম ক্লিনিকের মালিক ডা. সালাম জেল হাজতে

ভুল চিকিৎসায় রোগীর মৃতুকে কেন্দ্র করে আদালতের স্বপ্রনোদিত মামলায় মেহেরপুর দারুসসালাম ক্লিনিকের মালিক ডা. মোহাম্মদ আব্দুস সালামকে জেল হাজতে প্রেরণের নির্দেশ দিয়েছেন আদালত।

আজ সোমবার দুপুরে মেহেরপুর সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ২য় কোর্টের বিচারক মো: তরিকুল ইসলামের আদালতে জামিন আবেদন করলে বিজ্ঞ বিচারক তার জামিন না মুঞ্জুর করে জেল হাজতে প্রেরণের নির্দেশ দেন।

ডা. মোহাম্মদ আব্দুস সালাম মেহেরপুর জেনারেল হাসপাতালের অবসরপ্রাপ্ত আরএমও (গাইনী চিকিৎসক)।

জানা গেছে, চলতি বছেরর ২২ জানুয়ারি সন্ধ্যায় মুজিবনগর উপজেলার ঢোলমারী গ্রামের মিলন হোসেনের স্ত্রী সুমাইয়া খাতুন দারুসসালাম ক্লিনিকে ভর্তি হন। রাত ১০টার দিকে ক্লিনিকের মালিক ডা. মোহাম্মদ আব্দুস সালাম অপারেশন শুরু করেন। তিনি একাই এনেসথেসিয়ার কাজ করেন। অপারেশন টেবিলেই সুমাইয়ার মৃত্যু হয়।

এই ঘটনায় স্থানীয় মেহেরপুর প্রতিদিন পত্রিকাতে সংবাদ প্রকাশিত হলে মেহেরপুর সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এসএম শরিয়ত উল্লাহ

বিষয়টি আমলে নিয়ে স্বপ্রনোদিত মামলাটি করেন। মামলায় মেহেরপুর অতিরিক্ত পুলিশ সুপার এএসপি আজমল হোসেনকে তদন্তের নির্দেশ দেন।

গাংনীর স্কুল মাঠে নির্মাণ সামগ্রী, স্কুল ছুটি

মেহেরপুরের গাংনী উপজেলার সরকারি একটি প্রাথমিক বিদ্যালয়ে রাস্তা সংস্কারের প্রভাবশালী ঠিকেদার নির্মাণ সামগ্রি রেখে দেয়াতে গত একমাস ধরে বিদ্যালয় বন্ধ রয়েছে। গতকাল রোববার ঈদের ছুটি শেষে বিদ্যালয়টি খোলার পর স্কুল মাঠে পিচগলানো জন্য জ্বালানো চুলোর ধুয়াতে কোমলমতি শিক্ষার্থীরা ক্লাসে থাকতে পারেনি। ফলে বাধ্য হয়ে ফের তিনদিনের জন্য স্কুল ছুটি ঘোষণা করেছেন স্কুলের প্রধান শিক্ষক। গত দুইমাস আগে স্কুল মাঠে রাখা হয়েছে নির্মাণ সামগ্রী। বিদ্যালয়েই নির্মাণ শ্রমিকরা থাকেন। ফলে স্কুলের মাঠে খেলাধুলা করতে পারছে না শিক্ষার্থীরা। নষ্ট হচ্ছে শিক্ষার পরিবেশ। এই অবস্থা আরো কিছুদিন থাকবে বলে মনে করছে স্কুল কর্তৃপক্ষ।

শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকরা জানান, দুইশতাধিক শিক্ষর্থীী রয়েছে বিদ্যালয়টিতে। তাদের কোলাহল ও হইহুল্লোড়ে মুখোর থাকত বিদ্যালয়টির খেলার মাঠ। গত মে মাস থেকে বিদ্যালয়ের মাঠটি দখল করে রেখেছে সংস্কার কাজের নির্মাণ সামগ্রী। শুধু মাঠেই নয়, বিদ্যালয়ের বারান্দা শ্রমিকদের জন্য রাত্রি যাপনের ব্যবস্থা করেছেন নির্মাণ কাজের ঠিকাদার। ঠিকেদার সরকারি দলের সহযোগি সংগঠন গাংনী উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক।

সরেজমিনে গাংনী উপজেলার ভোমরদহ গ্রামে ‘ভোমরদহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ’এ দেখা যায়- রাস্তা সংস্কারের সরঞ্জাম রেখে দুই-তৃতীয়াংশ জায়গা দখল করে রাখা হয়েছে। বিদ্যালয় মাঠেই আগুন জ্বালিয়ে বিটুমিন গলানো হচ্ছে। এ কারণে কালো ধোঁয়ায় পড়াশোনায় ব্যাঘাত ঘটছে শিক্ষার্থীদের। গ্রামের একমাত্র বড় এ স্কুল মাঠটিতে ভ্যাপসা গরমে বিকেল থেকে স্থানীয় বিভিন্ন বয়সের মানুষ উন্মুক্ত

মাঠে বসে থাকতেন। তাও বন্ধ হয়ে গেছে। বিকেলে গ্রামের কিশোর যুবকদের খেলা ধূলা করতে পারছেনা মাঠ জুড়ে নির্মাণ সামগ্রির কারণে। ঠিকেদার প্রভাবশালী হওয়ার কারণে বিদ্যালয়ের শিক্ষক ও গ্রামের কেউ আপত্তি জানাতে পারেনি নির্মাণ সামগ্রি রাখায়।

রোববার বিদ্যালয়টিতে গিয়ে দেখা যায়, মাঠের দুই–তৃতীয়াংশ জায়গায় ইটের কংক্রিট, বালু, মাটি, পাথর, বিটুমিনের ড্রাম স্তুপ করে রাখা হয়েছে। বিটুমিন গলানোর জন্য বানানো চুলা স্থাপন করা হয়েছে বিদ্যালয় ভবনের পাশেই। ওই চুলাতে আগুন জ্বালালে ধোঁয়া বিদ্যালয়ের ভবনে প্রবেশ করে। সারা মাঠে ছোট ছোট কংক্রিট ছড়িয়ে ছিটিয়ে আছে। ছড়িয়ে থাকা নির্মাণ সামগ্রী অনেকটা ঝুঁকিপূর্ণ অবস্থায় পড়ে আছে। যা বড় ধরনের দুর্ঘটনার শঙ্কা থেকেই যায়। বেশ কয়েকজন শিক্ষার্থী অভিযোগ করেন, খেলাধূলার অনুশীলন দুরে থাক, ক্লাসরুমে যাতায়াতেই দুর্ভোগ পোহাতে হয়। দেখে শুনে না চললে পায়ে পেরেক ফোটার ভয় তাড়া করে।◌্ ঈদের আগেও মাঠ জুড়ে নিমাণ সামগ্রি থাকার কারণে নোটিশ ছাড়া স্কুল ছুটি দেয়া হয়েছিল। রোববার স্কুলে আসার পর ফের তিনদিনের জন্য ছুটি ঘোষণা করা হয়েছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক রাসেদুল ইসলাম জানান- বিদ্যালয় মাঠে নির্মাণ সামগ্রী রাখার নিয়ম নেই। যখন নির্মাণ সামগ্রি রাখা হয় তখন বিদ্যালয় বন্ধ ছিলো। ফলে আপত্তি জানানোর সুযোগ মেলেনি। স্কুল মাঠে চুলো তৈরী করে বিটুমিন গলানো হচ্ছে। বিটুমিন গলানো ধুয়াতে কোমলমতি শিক্ষার্থীদের অসুবিধার কথা ভেবে তিনদিনের জন্য ঐচ্ছিক ছুটি দেয়া হয়েছে।

ঠিকাদার মজিরুল ইসলামের ব্যক্তিগত মুঠোফোনে একাধিকবার যোগাযোগ করা হলেও তার সাড়া পাওয়া যায়নি। অনেক বার ফোনের পর মহিলা কন্ঠে জানানো হয় ‘তিনি স্টোকের রোগি। ঘুমিয়ে আছেন।

মেহেরপুরে এরশাদের চতুর্থতম

মৃত্যুবার্ষিকী পালন উপলক্ষে প্রস্তুতি সভা

জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা সাবেক প্রেসিডেন্ট হুসেইন মুহাম্মদ এরশাদের চতুর্থ মৃত্যুবার্ষিকী পালন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (১০ জুলাই) বেলা ১১ টার সময় জাতীয় পার্টির মেহেরপুর জেলা কার্যালয়ে এই প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

জেলা জাতীয় পার্টির আহবায়ক আব্দুল হামিদের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় বক্তব্য রাখেন, সদর উপজেলা জাতীয় পার্টির আহবায়ক কুতুব উদ্দীন, সদস্য সচিব নজরুল ইসলাম, জেলা আহবায়ক কমিটির সদস্য আব্দুল মান্নান ও এনামুল হক, মুজিবনগর উপজেলা জাতীয় পার্টির আহবায়ক সিরাজুল ইসলাম, জেলা কৃষক পার্টির আহবায়ক আব্দুল গফুর, মেহেরপুর পৌর জাতীয় পার্টির আহবায়ক আক্তারুল ইসলাম, যুগ্ম আহবায়ক আসালত মিয়া ও তরিকুল ইসলাম, স্বেচ্ছাসেবক পার্টির আহবায়ক মামলত হোসেন প্রমুখ।

আগামি ১৪ জুলাই পার্টির প্রয়াত চেয়ারম্যান হুসেইন মুহাম্মদ এরশাদের ৪র্থ তম মৃত্যুবার্ষিকী পালন করা হবে।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ১৪

মেহেরপুর সদর থানা ও গাংনী থানা পুলিশের ১২ ঘন্টার বিশেষ অভিযানে বিভিন্ন মামলার ১৪ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে মাদক মামলার ৬ জন, চুরির মামলায় ৩ ও ১৫১ ধারায় ১ জন আসামি গ্রেফতার করেছে। এছাড়া গাংনী থানা পুলিশের অভিযানে মাদক মামলায় ১ জন ও চুরির মামলায় ৩ কিশোরকে গ্রেফতার করেছে।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে রবিবার দিবাগত রাতের বিভিন্ন সময় আজ সোমবার (১০ জুলাই) ভোররাত পর্যন্ত পুলিশের পৃথক অভিযানে এসব আসামিদের গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামিদের আজ সোমবার (১০ জুলাই) বেলা ১১ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

আজ মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন

২০ বছর পর আজ সোমবার ১০ জুলাই মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন। সম্মেলনকে ঘিরে নেতাকর্মীদের মধ্যে উৎসব উচ্ছাস তৈরি হয়েছে। মেহেরপুর শহর জুড়ে সম্ভাব্য প্রার্থীদের বেনার ফেস্টুনে ছেয়ে গেছে। সম্মেলন সফল করার লক্ষ্যে সম্মেলন প্রস্তুতি কমিটির সদস্যরা বিভিন্ন কর্মসূচি নিয়ে কাজ করছেন। বিকাল ৩টায় শহরের শহীদ ড. সামসুজ্জোহা পার্কে সম্মেলনের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হবে। ২য় অধিবেশন অনুষ্ঠিত হবে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টার মিলনায়তনে। তবে দুর্যোগপূণ আবহাওয়া থাকলে প্রথম অধিবেশনও পৌর কমিউনিটি সেন্টারে করার প্রস্তুতি রয়েছে বলে জানিয়েছেন সম্মেলন প্রস্তুতি কমিটির সদস্য সচিব বারিকুল ইসলাম লিজন।

সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হক। উদ্বোধক হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সভাপতি গাজী মেজবাউল হক সাচ্চু, অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি এবং প্রধান বক্তা হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক আফজালুর রহমান বাবু। এছাড়াও কেন্দ্রীয় ও স্থানীয় নেতারাও অংশ নিবেন বলে জানা গেছে।

এদিকে নতুন কমিটিতে স্থান করে নিতে সভাপতি ও সাধারণ সম্পাদক পদে ৭ জন সম্ভাব্য প্রার্থী চেষ্টা চালিয়ে যাচ্ছেন। সভাপতি পদে

বর্তমান জেলা সম্মেলন প্রস্তুতি কমিটির আহবায়ক আরিফুল ইসলাম সোবহান, জেলা যুবলীগের সাবেক যুগ্ম সম্পাদক জসিউর রহমান বকুল, কৃষক লীগ নেতা রানা নাঈম, জেলা স্বেচ্ছাসেবক লীগ নেতা দেলোয়ার হোসেন মিঠু, জেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক যুগ্ম আহবায়ক শোয়েব রহমান সম্ভাব্য প্রার্থী হিসেবে মনোনয়ন জমা দিবেন। সাধারণ সম্পাদক হিসেবে বর্তমান জেলা স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন প্রস্তুত কমিটির সদস্য সচিব বারিকুল ইসলাম লিজন, জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক মাসুদ রানা জুয়েল, জেলা স্বেচ্ছাসেবক লীগ থেকে পদত্যাগী নেতা কামাল জুয়েল প্রার্থী হিসেবে মনোনয়ন জমা দিবেন বলে শোনা যাচ্ছে।

জেলা সম্মেলন প্রস্তুতি কমিটির সদস্য সচিব বারিকুল ইসলাম লিজন বলেন, সম্মেলন সফল করার লক্ষ্যে সকল প্রস্তুতি সম্পূর্ণ হয়েছে। জাকজমক পূর্ণ একটি সম্মেলন উপহার দিতে আমরা কাজ করছি।

সম্মেলন প্রস্তুতি কমিটির সভাপতি আরিফুল ইসলাম সোবহান বলেন, আশেপাশের জেলা গুলোতে জাকজমকপূর্ণভাবে সম্মেলন করা হচ্ছে। একইভাবে মেহেরপুরেও জাকজমকভাবে সম্মেলন হবে।

মেহেরপুর শহরে পুলিশের অভিযান ৭ জন আটক

মেহেরপুর সদর থানা পুলিশের বিশেষ অভিযানে মাদক সেবি, মাদক বিক্রেতা ও চুরির মামলার মোট ৭ আসামি আটক হয়েছে।

গতকাল রবিবার দিবাগত রাতে মেহেরপুর শহরের বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এদের আটক করা হয়েছে।

আটকরা হলেন, ৭ নং ওয়ার্ড মিয়াপাড়া এলাকার মৃত আব্দুল্লাহর ছেলে মিকাইল ইসলাম (২৯), ৫ নং ওয়ার্ড ক্যাশবপাড়া এলাকার মৃত সুমন মন্ডলের ছেলে খাজা মইনুদ্দিন মুহিত (২২), ১ নং ওয়ার্ড নতুনপাড়া এলাকার আনারুল ইসলামের ছেলে শাকিব (২২), ৭ নং ওয়ার্ড মিয়াপাড়া এলাকার মৃত লুৎফর রহমানের ছেলে নবী (৪৫), ২ নং ওয়ার্ড হালদারপাড়া

এলাকার মৃত মধু হালদারের ছেলে কৃষ্ণ হালদার, ৭ নং ওয়ার্ড ফৌজদারী পাড়া এলাকার শিহাব হোসেনের ছেলে স্বাধীন (২৩) ও ৮ নং ওয়ার্ড পুরাতন বাসস্ট্যান্ড পাড়ার মোশররফ হোসেনের ছেলে তারেকুজ্জামান জুয়েল (৪৫)।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলামের নেতৃত্বে পুলিশের পৃথক টিম মেহেরপুর শহরের বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এদের আটক করেন।

ওসি সাইফুল ইসলাম বলেন, শহরের আইন শৃংখলা ভাল রাখতে ও মাদক দ্রব্য নিয়ন্ত্রণে রাখতে বিশেষ অভিযান চালানো হয়। আটক আসামির মধ্যে ৪ জন মাদক সেবি ও বিক্রেতা এবং বাকীরা পেশাদার চোর।

আটকদের রাতেই মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ডোপ টেষ্ট করা হয়েছে। আজ সোমবার (১০ জুলাই) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।

মেহেরপুরে আইনশৃঙ্খলা, চোরাচালান ও মানবপাচার প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত

মেহেরপুরে পৃথকভাবে জেলার মাসিক আইন শৃঙ্খলা, চোরাচালান ও মানবপাচার প্রতিরোধ কমিটির সভা আজ রবিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে।

জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন মেহেরপুর পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট লিউজা-উল জান্নাহ, জেলা আনসার কমান্ড্যান্ট সাহাদাত হোসেন, মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের তত্বাবধায়ক জমির মোহাম্মদ হাসিবুস সাত্তার,জেল সুপার মনির হোসেন,জেলা পরিবার পরিকল্পনা বিভাগের উপ-পরিচালক মোঃ আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা নির্বাহী

কর্মকর্তা সাজিয়া সিদ্দিকা সেতু, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মুনীর,জেলা সমাজসেবা অধিদপ্তর উপ-পরিচালক কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বি, মেহেরপুর জজকোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, মেহেরপুর সরকারি কলেজের উপাধক্ষ্য প্রফেসর আব্দুর রাজ্জাক, মেহেরপুর জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নীলা হাফিয়া মেহেরপুর পৌরসভার কাউন্সিলর রোকসানা কামাল রুন প্রমূখ।

মাসিক আইন শৃঙ্খলা কমিটির সভায় মাদক নিয়ন্ত্রনে কঠোর আইন প্রয়োগ, বাল্য বিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধ, যানজট নিরসন ও পুলিশ সদস্যদের নিয়মিত টহল আরো জোরদার সহ নানা দিক নিয়ে আলোচনা করা হয়।